



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

৩য় জেএনইউডিএস জাতীয় বিতর্ক প্রতিযোগিতা ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠিত



তৃত্বিত বক্ষে বিপ্লবীর হাতে যুক্তির সিন্ধু পেয়ালা' এই স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি (জেএনইউডিএস)-এর উদ্যোগে ৩য় জেএনইউডিএস জাতীয় বিতর্ক প্রতিযোগিতা-২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান ১৬ ফেব্রুয়ারি-২০১৮, শুক্রবার, সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ডিবেটিং সোসাইটির সভাপতি শাকিল আহমেদ-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এছাড়া অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির মডারেটর সুমন কুমার মজুমদার। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সাধারণ সম্পাদক সবুজ রায়হান। আজ শুরু হওয়া ৩য় (জেএনইউডিএস) জাতীয় বিতর্ক প্রতিযোগিতা-২০১৮ এ দেশের শীর্ষস্থানীয় ৩২টি সরকারী ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং ১৬ টি বাছাই করা কলেজের বিতর্কিকরা অংশগ্রহণ করেছে। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ।

প্রতিযোগিতায় মিডিয়া পার্টনার SaTV ও Radio Dhani (92.2 Fm) এবং প্রিন্ট মিডিয়া পার্টনার দৈনিক সমকাল ও বাংলাদেশ টাইমস। ফুড পার্টনার রাজমহল ও রেস্টোরা অ্যান্ড চাইনিজ এবং সহযোগিতায় Bdjobs.com। উল্লেখ্য প্রতিযোগিতাটি চলবে আগামী ১৮ই ফেব্রুয়ারি পর্যন্ত এবং প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান আগামী ১৯ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে।